

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সাঘাটা, গাইবান্ধা
www.saghata.gaibandha.gov.bd

উপজেলা আইসিটি কমিটির ফেব্রুয়ারি/২০২৬ খ্রিঃ মাসের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতিঃ জনাব মোঃ আশরাফুল কবীর
উপজেলা নির্বাহী অফিসার, সাঘাটা, গাইবান্ধা
তারিখঃ ১৮/০২/২০২৬ খ্রি.
সময়ঃ বেলা ১২.৩০ টা
স্থানঃ উপজেলা পরিষদ সভাকক্ষ, সাঘাটা, গাইবান্ধা

সভায় উপস্থিত সদস্যবৃন্দঃ পরিশিষ্ট- 'ক'।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি তথ্য প্রযুক্তি নির্ভর আধুনিক বাংলাদেশ গড়ার লক্ষ্যে সকলকে ঐক্যবদ্ধভাবে কাজ করার অনুরোধ জানান। অতঃপর বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রঃ/নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়ে গত ৩/২/২৬ খ্রি. তারিখে অফিস সহায়ক যোগদান করেছে।	সভাপতি সময়মত অফিসে উপস্থিত হওয়া ও সুষ্ঠুভাবে অফিসের দায়িত্ব পালন করার জন্য অফিস সহায়ককে নির্দেশনা প্রদান করেন।	সহকারী প্রোগ্রামার, সাঘাটা, গাইবান্ধা
০২	উপজেলা ও ইউনিয়ন ওয়েব পোর্টালের তথ্যঃ জাতীয় তথ্য বাতায়ন সম্প্রতি দ্বিতীয় ভার্সনে আপগ্রেড করা হয়েছে। এখন থেকে ব্যাক এন্ডে প্রবেশের জন্য সাইট এডমিন https://backoffice.portal.gov.bd লিংক ব্যবহার করে লগইন করতে হবে। লগইনের ক্ষেত্রে ইউজার নামের পরিবর্তে বিদ্যমান email ঠিকানা ব্যবহার করতে হবে। forget password অপশনের মাধ্যমে পাসওয়ার্ড রিসেট করে নতুন পাসওয়ার্ড দিয়ে লগইন করতে হবে। নিরাপত্তার জন্য otp সংশ্লিষ্ট মেইলে যাবে। যেকোন সমস্যায় ০১৫৫০৭০৩০৮১, ০১৫৫০৭০৩০৮২, ৮০ যোগাযোগ করা যেতে পারে। pms.postal.gov.bd মেইলে মেইল দেওয়া যেতে পারে।	বিস্তারিত আলোচনান্তে উপজেলা ও ইউনিয়ন পোর্টাল সমূহের তথ্য স্ব স্ব প্রতিষ্ঠানকে নিয়মিতভাবে বাংলা ও ইংরেজিতে আপলোড করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। ২. কালক্ষেপণ না করে জরুরিভিত্তিতে পাসওয়ার্ড পরিবর্তন/ রিসেট/ প্রোফাইল আপডেট করতে হবে। ৩. Upper case, lower case, sign, symbol সমন্বয়ে পাসওয়ার্ড রিসেট করতে হবে। ডিফল্ট পাসওয়ার্ড কোন ভাবেই রাখা যাবে না।	স্বঃ স্বঃ সরকারি প্রতিষ্ঠান সমূহের অফিস প্রধান ও উদ্যোক্তা, সকল ইউ/পি, সাঘাটা, গাইবান্ধা
০৩	উপজেলা আইসিটি কমিটির সভা অনুষ্ঠান সংক্রান্তঃ সভায় উপজেলা আইসিটি কমিটির সভা অনুষ্ঠান সংক্রান্ত বিষয়ে আলোচনা হয়। সভাপতি উপজেলা আইসিটি কমিটির সভা নিয়মিত অনুষ্ঠানসহ সংশ্লিষ্ট সকলকে উপস্থিত থাকার অনুরোধ জানান।	বিস্তারিত আলোচনান্তে আইসিটি মাসিক কমিটির সভা নিয়মিতভাবে অনুষ্ঠানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	সভাপতি উপজেলা আইসিটি কমিটি, সাঘাটা, গাইবান্ধা

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

M. Ashraful Kabir
18-02-2026
(মোঃ আশরাফুল কবীর)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইসিটি কমিটি
সাঘাটা, গাইবান্ধা।

স্মারক নং: ৫৬.০৪.৩২৮৮.০০০.০০০.০৬.০০০১.২৫.১৬৬

তারিখ: ১৮/০২/২০২৬খ্রিঃ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থেঃ

০১। জেলা প্রশাসক, গাইবান্ধা।

০২। প্রশাসক, উপজেলা পরিষদ, সাঘাটা, গাইবান্ধা।

০৩। জেলা আইসিটি অফিসার/ প্রোগ্রামার, গাইবান্ধা।

০৪।

.....

০৫। অফিস কপি।

(মোঃ কামরুজ্জামান)

সহকারী প্রোগ্রামার

ও

সদস্য সচিব

উপজেলা আইসিটি কমিটি

সাঘাটা, গাইবান্ধা।